মুজিববর্ষের অঙ্গীকার,
শোভন কর্মপরিবেশ
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

**অধিদপ্তরের ইনোভেশন টিমের সভা ও ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান
সহকারী মহাপরিদর্শক (সেফটি)
সভার তারিখ : ২৯/০৮/২০২১
সভার সময় : সকাল ১১.০০ টা
স্থান : মিনি সভাকক্ষ, প্রধান কার্যালয়
উপস্থিতি : (পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব, শ্রম পরিদর্শক (সাধারণ), অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রম ও অর্জনসমূহ সভায় তুলে ধরেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্যবিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজ কৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা | ১. ইনোভেশন টিমের সদস্য সচিব, শ্রম পরিদর্শক (সাধারণ) সভাকে অবহিত করেন যে, অধিদপ্তরের বিশেষ পরিদর্শন রিপোর্ট ২৩টি জেলা কার্যালয় হতে ডাইফ ওয়ানক্লিক রিপোর্টিং সিস্টেমের মাধ্যমে নিয়মিত সংগ্রহ করা হয়েছে এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি স্বাস্থ্য শাখার ০৮টি রিপোর্টের ফরম সিস্টেমটিতে সন্নিবেশ করা হয়েছে এবং পরীক্ষামূলক ভাবে সেগুলোর মাধ্যমে রিপোর্ট গ্রহণ করা হচ্ছে।<br>২. 'ডাইফ একসেবা মোবাইল এপ্লিকেশন' টি google playstore এ প্রদান করা হয়েছে। যে কোন ব্যক্তি উক্ত এপ্লিকেশনটি এন্ড্রয়েড ভিত্তিক মোবাইল ফোনে ডাউনলোড করে ব্যবহার করতে পারবে। কর্মকর্তাদের লগ-ইন এর জন্য ইউজার নেম ও পাসওয়ার্ড তৈরির কাজ চলমান রয়েছে।<br>৩. 'ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম' টি ব্যবহারের জন্য প্রস্তুত রয়েছে। সিস্টেমটির পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য প্রশাসন ও উন্নয়ন | ১. সেইফটি শাখা, সাধারণ শাখার রিপোর্টসমূহ ওয়ানক্লিক সিস্টেমে দ্রুত সন্নিবেশ করার ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সেলকে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২. কর্মকর্তাদের লগ-ইন এর জন্য ইউজার নেম ও পাসওয়ার্ড তৈরির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | আইসিটি সেল, হিসাব উপশাখা, ইনোভেশন টিম |

| ক্রঃ নং | আলোচ্যবিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | শাখার অংশগ্রহণ প্রয়োজন। এ লক্ষ্যে একটি অনানুষ্ঠানিক পত্র উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বরাবর প্রেরণ করা হয়েছে। | | |
| ২ | অধিদপ্তরের কর্মকর্তাদের ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রেরিত উদ্ভাবনী ধারণা সমূহ পর্যালোচনা | ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রধান কার্যালয়ের আইসিটি সেল-এ প্রেরিত উদ্ভাবনী ধারণা সমূহ ও ধারণা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর তালিকা নিম্নরূপঃ<br>• গার্মেন্টস সেক্টরের টোটাল ডাটা সলিউশন - মোঃ আমিনুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম;<br>• দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে প্রস্তুতকৃত লাইসেন্স সম্পর্কে আবেদনকারীকে এসএমএসের মাধ্যমে অবহিতকরণ - মোঃ মোস্তাফিজুর রহমান, উপমহাপরিদর্শক (চ:দা:), উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর;<br>• অনলাইনে/মোবাইল এসএমএসের মাধ্যমে লাইসেন্স যাচাইকরণের ব্যবস্থা করা - মুহাম্মদ মতিউর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর;<br>• Digital Dife: Innovation and Creative Centre এর অধীনে জেলা কার্যালয় সমূহে Online ভিত্তিক উদ্বুদ্ধকরণ সভা বাস্তবায়ন - পিংকি মজুমদার, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, মুন্সীগঞ্জ;<br>• শ্রম আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা - এস এম সাইফুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা;<br>• জেলা ভিত্তিক নির্দিষ্ট দিনে লাইসেন্স সংক্রান্ত আবেদন গ্রহণ ও প্রদানের তারিখ/সময় নির্ধারণ প্রদান এবং online tracking অথবা এসএমএস পদ্ধতির মাধ্যমে লাইসেন্স সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে অবহিতকরণ- সোমা রায়, উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর;<br>• কারখানার লে-আউট প্লান বা সম্প্রসারণের /সংশোধনের লে-আউট | সভাপতি জেলা কার্যালয় হতে উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, অনলাইনে লাইসেন্স যাচাইকরণ বা ট্র্যাকিং এর ব্যবস্থা বিদ্যমান সিস্টেমের মধ্যেই রয়েছে। এছাড়াও, অন্যান্য ধারণাগুলো বর্তমান কাঠামোতে বাস্তবায়ন সম্ভবপর নয় বলে সভাপতি মতামত প্রদান করেন।<br><br>বর্তমান এপিএ কাঠামোর ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ শীর্ষক কর্মসম্পাদন ক্ষেত্রের বাস্তবায়নের সুবিধার্থে নিম্নোক্ত উদ্যোগ সমূহকে লিপিবদ্ধ করবার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন-<br>• e-learning platform ([১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন)<br>• অনলাইন লাইসেন্স সম্পূর্ণ অটোমেশন ([১.২] সেবা সহজীকরণ)<br>• দূর্ঘটনা, পেশাগত ব্যাধির প্রতিবেদন, সেফটি কমিটির প্রতিবেদন অনলাইনে দাখিল ও OSH expert database ([১.৩] সেবা ডিজিটাইজেশন) | |

| ক্রঃ নং | আলোচ্যবিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্লান অনুমোদন - মহর আলী মোল্লা, উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল। | | |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Tawhidul Hasan

সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান
সহকারী মহপরিদর্শক (সেফটি)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০৬.০০৯.১৭. ২৬৭

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮ / ০২ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

২। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

Tawhidul Hasan

সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান
সহকারী মহপরিদর্শক (সেফটি)